## অধ্যায় ১৩
## জনসংখ্যা ও প্রাকৃতিক পরিবেশ

### ❑ এ অধ্যায়ে জানতে পারব

- বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় প্রাকৃতিক সম্পদ
- জনসংখ্যার সাথে জায়গা ও খাদ্যের সম্পর্ক
- প্রাকৃতিক সম্পদের উপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব
- প্রাকৃতিক পরিবেশের উপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব
- জনসংখ্যা ও প্রাকৃতিক দুর্যোগ

### ❑ অধ্যায়টির মূলভাব জেনে নিই

পৃথিবীর সম্পদ সীমিত। কিন্তু জনসংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। এ অবস্থা চলতে থাকলে সবার জন্য প্রয়োজনীয় খাদ্য ও জায়গা থাকবে না। মানুষ তার বাড়তি প্রয়োজন মেটাতে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন ঘটাচ্ছে। এই পরিবর্তন বৃষ্টিপাত ও তাপমাত্রার উপরে প্রভাব ফেলে এবং বন্যা, খরা, ঝড়ের মতো প্রাকৃতিক দুর্যোগ সৃষ্টি করে।

## অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**১. শূন্যস্থান পূরণ কর।**

১) বর্ধিত জনসংখ্যার জন্য অধিক —— ও জায়গার প্রয়োজন।

২) বিজ্ঞান ও —— ব্যাপক অগ্রগতির জন্য জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে।

৩) অধিক প্রাকৃতিক সম্পদের জন্য মানুষ প্রাকৃতিক —— ধ্বংস ও পরিবর্তন করছে।

**উত্তর :** ১) খাদ্য   ২) প্রযুক্তির   ৩) পরিবেশ।

**২. সঠিক উত্তরে টিক চিহ্ন (✓) দাও।**

**১) ক্রমবর্ধমান জনসংখ্যার সাথে স্থান এবং খাদ্যের সম্পর্ক কোনটি?**

ক. খাদ্য উৎপাদন বাড়লে স্থান ও জনসংখ্যা বাড়বে।

✓ খ. জনসংখ্যা বাড়লে স্থান ও খাদ্যের চাহিদা বাড়বে।

গ. জনসংখ্যা বাড়লে স্থান ও খাদ্যের চাহিদা কমবে।

ঘ. জনসংখ্যা বাড়লে স্থান ও খাদ্যের চাহিদা একই থাকবে।

**৩. সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন :**

**১) বনভূমি ধ্বংসের ফলে কী ঘটতে পারে?**

**উত্তর :** বনভূমি ধ্বংসের ফলে বিভিন্ন গাছপালা ও পশুপাখি বিলুপ্ত হতে পারে এবং ভূমিক্ষয় ও ভূমিধ্বস হতে পারে।

**২) মানুষ কীভাবে বনভূমি ধ্বংস করছে?**

**উত্তর :** অতিরিক্ত প্রাকৃতিক সম্পদ আহরণ, যেমন– চাষের জমি, গোখাদ্য, বাসস্থান ও রাস্তাঘাট তৈরির জন্য মানুষ বনভূমি ধ্বংস করছে।

**৪. বর্ণনামূলক প্রশ্ন :**

**১) জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য ও বাসস্থানের চাহিদার সম্পর্ক ব্যাখ্যা কর।**

**উত্তর :** জনসংখ্যা বৃদ্ধির সাথে খাদ্য ও বাসস্থানের চাহিদা বৃদ্ধি পায়।

খাদ্য ও বাসস্থান মানুষের অত্যন্ত গুরবত্বপূর্ণ দুটি মৌলিক অধিকার। মানুষের বেঁচে থাকার জন্য খাদ্য ও বাসস্থান প্রয়োজন। জনসংখ্যা বৃদ্ধি, খাদ্য ও বাসস্থানের মধ্যে নিবিড় সম্পর্ক বিদ্যমান। জনসংখ্য যত বাড়বে, তত বেশি খাবারের প্রয়োজন হবে। বাড়তি মানুষের বসবাসের জন্য বেশি জায়গা প্রয়োজন হবে। জনসংখ্যা যদি ক্রমাগত বাড়তে থাকে, তাহলে সবার জন্য প্রয়োজনীয় খাদ্য ও জায়গা থাকবে না।

২) **জনসংখ্যার উপর বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির প্রভাব কী?**

**উত্তর :** বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি জনসংখ্যা বৃদ্ধির অন্যতম প্রধান কারণ।

বর্তমান যুগ বিজ্ঞান ও প্রযুক্তির যুগ। বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির ফলে খাদ্য, বস্ত্র, বাসস্থান, চিকিৎসার মতো মানুষের মৌলিক চাহিদাগুলো সহজে পূরণ হচ্ছে। উন্নত প্রযুক্তির কারণে মানুষ যথেষ্ট পরিমাণ খাদ্য উৎপাদন করতে পারছে। চিকিৎসা প্রযুক্তির উন্নতির ফলে মানুষ বিভিন্ন রোগ ও দুর্ঘটনা থেকে সহজেই বাঁচতে পারছে। ফলে মানুষ দীর্ঘায়ু লাভ করছে। কাজেই বলা যায়, জনসংখ্যা বৃদ্ধির উপর বিজ্ঞান ও প্রযুক্তির প্রভাব অপরিসীম।

৩) **বাড়তি জনসংখ্যা প্রাকৃতিক সম্পদের উপর কী প্রভাব ফেলেছে?**

**উত্তর :** বাড়তি জনসংখ্যা প্রাকৃতিক সম্পদের ৰতি সাধন করছে।

পৃথিবীর জনসংখ্যা ক্রমাগত বাড়ছে। কিন্তু প্রাকৃতিক সম্পদের পরিমাণ সীমিত। কাজেই প্রাকৃতিক সম্পদের অতিরিক্ত ব্যবহারের ফলে প্রাকৃতিক পরিবেশে পরিবর্তন ঘটছে, কখনো কখনো পরিবেশ ধ্বংস হচ্ছে। বাড়তি জনসংখ্যার জন্য বাড়তি খাবার, বাসস্থান, জমি, শক্তি ও অন্যান্য সম্পদের প্রয়োজন। এই অতিরিক্ত খাদ্য ও বাসস্থানের চাহিদা মেটাতে মানুষ গাছপালা কেটে বনভূমি ধ্বংস করছে, পাহাড় কেটে রাস্তাঘাট তৈরি করছে। বনভূমি ধ্বংসের ফলে গাছপালা ও পশুপাখি বিলুপ্ত হচ্ছে, ভূমিৰয় ও ভূমিধ্বস হচ্ছে, বৃষ্টিপাত ও তাপমাত্রা প্রভাবিত হচ্ছে। জ্বালানি সম্পদের অতিরিক্ত ব্যবহারে পরিবেশ দূষিত হচ্ছে।

৫. **বামপাশের শব্দের সাথে ডানপাশের শব্দের মিল করি।**

| | |
|---|---|
| আবাসস্থল ধ্বংসের ফল | খরা |
| প্রাকৃতিক সম্পদ আহরণ | জীবের বিলুপ্তি |
| প্রাকৃতিক দুর্যোগ | মানুষের দীর্ঘায়ু |
| চিকিৎসা প্রযুক্তির উন্নতি | পরিবেশের পরিবর্তন |

**উত্তর :**

আবাসস্থল ধ্বংসের ফল — জীবের বিলুপ্তি।

প্রাকৃতিক সম্পদ আহরণ — পরিবেশের পরিবর্তন।

প্রাকৃতিক দুর্যোগ — খরা।

চিকিৎসা প্রযুক্তির উন্নতি — মানুষের দীর্ঘায়ু।

## অতিরিক্ত প্রশ্ন ও উত্তর

❑ **শূন্যস্থান পূরণ কর।**

১) বেঁচে থাকার জন্য মানুষের — সম্পদ প্রয়োজন।

২) পৃথিবীর — ক্রমাগত বাড়ছে।

৩) অধিক জনসংখ্যার জন্য অধিক — ও — প্রয়োজন।

৪) বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির কারণে মানুষ যথেষ্ট পরিমাণ — উৎপাদন করতে পারছে।

৫) চিকিৎসা প্রযুক্তির উন্নতির ফলে মানুষ — ও — থেকে বাঁচতে পারছে।

৬) বনভূমি ধ্বংসের ফলে বিভিন্ন গাছপালা ও পশুপাখির — নষ্ট হয়।

৭) বনভূমি ধ্বংসের ফলে — ও — হচ্ছে।

৮) প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন বৃষ্টিপাত ও — উপর প্রভাব ফেলে।

**উত্তর :** ১) প্রাকৃতিক ২) জনসংখ্যা ৩) খাদ্য, জায়গা ৪) খাদ্য ৫) রোগ, দুর্ঘটনা ৬) আবাসস্থল ৭) ভূমিৰয়, ভূমিধ্বস ৮) তাপমাত্রার।

❑ **বামপাশের শব্দের সাথে ডানপাশের শব্দের মিল কর।**

| | |
|---|---|
| অধিক জনসংখ্যা | প্রাকৃতিক সম্পদ |
| মানুষের প্রয়োজন | জীবের বিলুপ্তি |
| বেঁচে থাকার জন্য প্রয়োজন | ভূমিৰয় ও ভূমিধ্বস |
| গাছপালার আবাসস্থল ধ্বংস | অধিক খাবার |
| বনভূমি ধ্বংস | খাদ্য ও বাসস্থান |

**উত্তর :** অধিক জনসংখ্যা —— অধিক খাবার।

মানুষের প্রয়োজন —— প্রাকৃতিক সম্পদ।

বেঁচে থাকার জন্য প্রয়োজন —— খাদ্য ও বাসস্থান।

গাছপালার আবাসস্থল ধ্বংস —— জীবের বিলুপ্তি।

বনভূমি ধ্বংস —— ভূমিৰয় ও ভূমিধ্বস।

## বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ১ : জনসংখ্যা, খাদ্য ও বাসস্থানের মধ্যকার সম্পর্ক

➲ **সাধারণ**

**১. বেঁচে থাকার জন্য মানুষের কী প্রয়োজন?** গ

ক শিৰা　খ চিকিৎসা

গ প্রাকৃতিক সম্পদ　ঘ অর্থসম্পদ

**২. বাড়তি জনগণের প্রথম চাহিদা কোনটি?** গ

ক বাসস্থান　খ বস্ত্র

গ খাদ্য　ঘ চিকিৎসা

**৩. জনসংখ্যার সাথে কোনটির সম্পর্ক রয়েছে?** খ

ক আবহাওয়া　খ খাদ্য

গ জলবায়ু　ঘ পশুপাখি

**৪. জনসংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে কোনটি থাকবে না?** গ

ক চিকিৎসা　খ প্রযুক্তি

গ জায়গা　ঘ শিৰা

**৫. কোনটি ক্রমাগত বাড়ছে?** গ

ক সম্পদ　খ প্রযুক্তি

গ জনসংখ্যা　ঘ খাদ্যশস্য

**৬. পৃথিবীর কোন জিনিসটি সীমিত?** ক

ক সম্পদ　খ প্রযুক্তি

গ প্রকৃতি　ঘ খাদ্যশস্য

**৭. মানুষের সাথে কোনটির নিবিড় সম্পর্ক রয়েছে?** গ

ক সম্পদ　খ প্রযুক্তি　গ প্রকৃতি　ঘ খাদ্যশস্য

**৮. মানুষের বেঁচে থাকার জন্য কোনটি প্রয়োজন?** ঘ

ক খাদ্য ও চিকিৎসা　খ চিকিৎসা ও শিৰা

গ শিৰা ও বাসস্থান　ঘ খাদ্য ও বাসস্থান

**৯. লোকসংখ্যা যত বাড়বে, কোনটির তত বেশি প্রয়োজন হবে?** গ

ক যানবাহন　খ সম্পদ

গ খাদ্য　ঘ চিকিৎসা

**১০. জনসংখ্যা বাড়তে থাকলে প্রাকৃতিক সম্পদের কী পরিণতি হবে?** খ

ক বাড়তে থাকবে　খ কমতে থাকবে

গ দূষিত হবে　ঘ ধ্বংস হবে

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** জনসংখ্যা বৃদ্ধির প্রভাব সম্পর্কে জানতে পারব।

**১১. রাসেলদের এলাকায় জনসংখ্যা বেড়ে প্রায় দ্বিগুণ হয়েছে। ঐ এলাকায় কোন সমস্যা দেখা দিতে পারে?** গ

ক পরিবেশ দূষণ　খ যাতায়াতের সমস্যা

গ বাসস্থানের সমস্যা　ঘ কর্মসংস্থানের সমস্যা

**১২. একটি দেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। সেখানে কোন সমস্যাটি প্রকট আকার ধারণ করবে?** গ

ক কর্মসংস্থানের সমস্যা　খ যাতায়াতের সমস্যা

গ খাদ্য সমস্যা　ঘ পরিবেশ দূষণ

১৩. বাংলাদেশের জনসংখ্যা দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এ অবস্থা চলতে থাকলে নিচের কোনটি ঘটতে পারে? **ক**

ক বাসস্থানের অভাব   খ যানবাহনের অভাব
গ পরিবেশ দূষণ   ঘ আবহাওয়ার সমস্যা

## ২ : প্রাকৃতিক সম্পদের উপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব

➲ সাধারণ

১৪. জনসংখ্যা বৃদ্ধির অন্যতম প্রধান কারণ কী? **ঘ**

ক অধিক খাদ্য উৎপাদন   খ দুর্ঘটনার পরিমাণ হ্রাস
গ অনুকূল আবহাওয়া   ঘ বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি

১৫. বর্তমানে পৃথিবীতে যথেষ্ট পরিমাণ খাদ্য উৎপন্ন হচ্ছে কেন? **গ**

ক অনুকূল আবহাওয়ার জন্য
খ ভালো বীজের জন্য
গ বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির জন্য
ঘ অধিক সার প্রয়োগের কারণে

১৬. বর্তমানে মানুষ দীর্ঘায়ু লাভ করছে কেন? **ঘ**

ক খাদ্যের মান উন্নত বলে
খ রোগ কম হয় বলে
গ দুর্ঘটনা কম হয় বলে
ঘ চিকিৎসা প্রযুক্তির উন্নতির ফলে

১৭. চিকিৎসা প্রযুক্তির উন্নতি ফল কোনটি? **গ**

ক রোগ কম হওয়া
খ দুর্ঘটনা কম ঘটা
গ রোগ থেকে সহজেই বেঁচে যাওয়া
ঘ জীবাণুর সংখ্যা কমে যাওয়া

১৮. মানুষ প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন ঘটাচ্ছে কেন? **গ**

ক পরিবেশকে সুন্দর করতে
খ পরিবেশকে বাসযোগ্য করতে
গ অতিরিক্ত সম্পদ আহরণ করতে
ঘ ভারসাম্য রৰা করতে

১৯. মানুষ প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন ঘটানোর পাশাপাশি কী করছে? **গ**

ক পরিবেশের উন্নয়ন   খ দূষণমুক্তকরণ
গ পরিবেশধ্বংসকরণ   ঘ নতুন পরিবেশ সৃষ্টি

২০. মানুষ বনভূমি ধ্বংস করছে কেন? **গ**

ক নতুন গাছ লাগানোর জন্য
খ পরিবেশ উন্নয়নের জন্য
গ চাষের জমি সৃষ্টির জন্য
ঘ বন্য পশুর আক্রমণ থেকে বাঁচতে

২১. মানুষ বাসস্থানের জন্য কী করছে? **গ**

ক উন্নত গাছ লাগাচ্ছে   খ জমি তৈরি করছে
গ বনভূমি ধ্বংস করছে   ঘ রাস্তা তৈরি করছে

২২. মানুষ রাস্তাঘাট তৈরির জন্য কী করছে? **খ**

ক বনভূমি সৃষ্টি করছে   খ বনভূমি ধ্বংস করছে
গ প্রযুক্তি আমদানি করছে   ঘ ভূমিধ্বস বন্ধ করছে

২৩. বনভূমি ধ্বংসের ফলে কী ঘটে? **ক**

ক পশুপাখির আবাসস্থল নষ্ট হয়
খ মানুষের আবাসস্থল নষ্ট হয়
গ পরিবেশ পরিচ্ছন্ন হয়
ঘ রাস্তার সংখ্যা বাড়ে

২৪. পশুপাখি ধীরে ধীরে বিলুপ্ত হয় কেন? **গ**

ক রোগ জীবাণুর আক্রমণে
খ বন্য পশুর আক্রমণে
গ বনভূমি ধ্বংসের কারণে
ঘ প্রাকৃতিক দুর্যোগের কারণে

২৫. ভূমিক্ষয় ও ভূমিধ্বসের প্রধান কারণ কী? **খ**

ক প্রাকৃতিক দুর্যোগ   খ বনভূমি ধ্বংস
গ তাপমাত্রার পরিবর্তন   ঘ অধিক বৃষ্টিপাত

২৬. নিচের কোন ধারাটি সঠিক? **গ**

ক ভূমিধ্বস → ভূমিৰয় → বনভূমি ধ্বংস
খ ভূমিৰয় → ভূমিধ্বস → বনভূমি ধ্বংস
গ বনভূমি ধ্বংস → ভূমিৰয় → ভূমিধ্বস
ঘ বনভূমি ধ্বংস → ভূমিধ্বস → ভূমিৰয়

২৭. বনের গাছপালা কাটার ফলে কী ঘটে? **ঘ**

ক পরিচ্ছন্ন পরিবেশ   খ বন্য পশুমুক্ত পরিবেশ

(গ) ভূমির উর্বরতা বৃদ্ধি (ঘ) ভূমিৰয় ও ভূমিধ্বস

২৮. **বৃষ্টিপাত ও তাপমাত্রার পরিবর্তন ঘটে কেন?** (খ)

(ক) ভূমিৰয় ও ভূমিধ্বসের কারণে

(খ) প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনে

(গ) জনসংখ্যা বৃদ্ধির কারণে

(ঘ) পশুপাখি বিলুপ্তির কারণে

২৯. **বন্যা ও খরার কারণ কী?** (ঘ)

(ক) প্রাকৃতিক দুর্যোগ

(খ) ভূমিৰয় ও ভূমিধ্বস

(গ) বনভূমি ধ্বংস

(ঘ) বৃষ্টিপাত ও তাপমাত্রার পরিবর্তন

৩০. **প্রাকৃতিক দুর্যোগ নয় কোনটি?** (খ)

(ক) বন্যা (খ) অধিক বৃষ্টিপাত

(গ) খরা (ঘ) ঝড়

➲ **যোগ্যতাভিত্তিক**

**শিখনফল :** বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি সম্পর্কে জানতে পারব।

৩১. **কাব্য খবরের কাগজ পড়ে জানতে পারল জাপানে মানুষের গড় আয়ু বাংলাদেশের তুলনায় অনেক বেশি। এর কারণ কী?** (ঘ)

(ক) কম রোগজীবাণু (খ) কম দুর্ঘটনা

(গ) উন্নত খাবার (ঘ) বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতি

৩২. **কেয়ার বাবা সহজেই কঠিন রোগ থেকে আরোগ্য লাভ করলেন। এর কারণ কোনটি?** (ঘ)

(ক) রোগসৃষ্টিকারী জীবাণু দুর্বল ছিল

(খ) তার বাবার রোগ প্রতিরোধ করার ৰমতা বেশি

(গ) তার বাবার বয়স কম ছিল

(ঘ) চিকিৎসা প্রযুক্তির উন্নতি ঘটেছে

**শিখনফল :** প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন সম্পর্কে জানতে পারব।

৩৩. **কেয়াদের এলাকায় অনেক বড় বড় গাছ কেটে ফেলা হয়েছে। এতে কী ঘটছে?** (খ)

(ক) প্রাকৃতিক দুর্যোগ (খ) প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন

(গ) চাষের জমির অভাব (ঘ) পশুখাদ্য সংকট

৩৪. **কাব্যের বাবা বাড়ির পাশে থাকা বন কেটে পরিষ্কার করে ফেলেছেন। এতে কী ঘটবে?** (খ)

(ক) প্রাকৃতিক দুর্যোগ (খ) পশুপাখির আবাসস্থল সংকট

(গ) অধিক বৃষ্টিপাত (ঘ) তাপমাত্রা কমে যাওয়া

৩৫. **তুমি বনভূমি ধ্বংস করেছ। এর সুদূরপ্রসারী প্রভাব কোনটি?** (গ)

(ক) গাছপালার আবাসস্থল নষ্ট হওয়া

(খ) পশুপাখির আবাসস্থল ধ্বংস হওয়া

(গ) গাছপালার বিলুপ্ত হওয়া

(ঘ) মানুষের আবাসস্থল সৃষ্টি হওয়া

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

১. **জনসংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে কী ঘটবে?**

**উত্তর :** জনসংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে সকলের জন্য প্রয়োজনীয় খাদ্য ও বাসস্থানের অভাব ঘটবে।

২. **জনসংখ্যা বৃদ্ধির অন্যতম প্রধান কারণ কী?**

**উত্তর :** জনসংখ্যা বৃদ্ধির অন্যতম প্রধান কারণ হচ্ছে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যাপক অগ্রগতি।

৩. **মানুষ কেন দীর্ঘায়ু লাভ করছে?**

**উত্তর :** বিজ্ঞান ও প্রযুক্তির অগ্রগতির কারণে মানুষ দীর্ঘায়ু লাভ করছে।

৪. **তিনটি প্রাকৃতিক দুর্যোগের নাম লেখ।**

**উত্তর :** তিনটি প্রাকৃতিক দুর্যোগ হলো– ১) বন্যা ২) খরা ৩) ঝড়।

৫. **ভূমিক্ষয় ও ভূমিধ্বসের কারণ কী?**

**উত্তর :** বনভূমি ধ্বংসের ফলে ভূমিৰয় ও ভূমিধ্বস হয়।

৬. **বাড়তি জনসংখ্যার জন্য কী প্রয়োজন?**

**উত্তর :** বাড়তি জনসংখ্যার জন্য বাড়তি খাবার, বাসস্থান, জমি, শক্তি এবং অন্যান্য সম্পদ প্রয়োজন।

## কাঠামোবদ্ধ প্রশ্ন ও উত্তর

➲ **সাধারণ**

১. **জনসংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে বাসস্থানের জায়গা থাকবে না কেন? ব্যাখ্যা কর।**

**উত্তর :** যেকোনো দেশের জায়গার পরিমাণ সীমিত। তাই জনসংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে একপর্যায়ে বাসস্থানের জায়গা থাকবে না।

বেঁচে থাকার জন্য মানুষের প্রাকৃতিক সম্পদ প্রয়োজন। জায়গা বা ভূমি গুরবত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ। জনসংখ্যার সাথে জায়গা ও খাদ্যের একটি সম্পর্ক রয়েছে। অধিক জনসংখ্যার জন্য অধিক জায়গা ও খাদ্যের প্রয়োজন। বাড়তি জনগণের খাদ্য চাহিদা পূরণের জন্য প্রয়োজন অধিক কৃষিজমি। অন্যান্য চাহিদা, যেমন– বাসস্থান, শিৰা, চিকিৎসা, যাতায়াত ইত্যাদির জন্য বনভূমি ধ্বংস করা হয়। এভাবে ধীরে ধীরে জমির পরিমাণ কমতে থাকে। তাই জনসংখ্যা ক্রমাগত বাড়তে থাকলে একসময় বসবাস উপযোগী জায়গা থাকবে না।

২. **প্রাকৃতিক দুর্যোগের কারণ ব্যাখ্যা কর।**

**উত্তর :** প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের কারণে তাপমাত্রা, বৃষ্টিপাত ইত্যাদি আবহাওয়ার উপাদানগুলো পরিবর্তিত হয়। এর ফলে বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়।

বিশ্বের জনসংখ্যা ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে। বাড়তি জনসংখ্যার বিভিন্ন চাহিদা পূরণে অতিরিক্ত প্রাকৃতিক সম্পদ আহরণ করতে হয়। এর ফলে প্রাকৃতিক পরিবেশের পরিবর্তন ঘটে, কখনো কখনো পরিবেশ ধ্বংস হয়। বনভূমি ধ্বংসের ফলে ভূমিৰয় ও ভূমিধ্বস ঘটে। প্রাকৃতিক পরিবেশের এই পরিবর্তন বৃষ্টিপাত ও তাপমাত্রার উপর প্রভাব ফেলে। এর ফলে বন্যা, খরা ও ঝড়ের মতো প্রাকৃতিক দুর্যোগের সৃষ্টি হয়।

➲ **যোগ্যতাভিত্তিক**

৩. **জনসংখ্যার সাথে জায়গা ও খাদ্যের সম্পর্ক কী? বর্তমানে মানুষ দীর্ঘায়ু লাভ করছে কেন? বাড়তি জনসংখ্যার কারণে তুমি কী কী সমস্যার সম্মুখীন হও? আলোচনা কর।**

**উত্তর :** জনসংখ্যার সাথে জায়গা ও খাদ্যের একটি সম্পর্ক রয়েছে। তা হলো– অধিক জনসংখ্যার জন্য অধিক খাদ্য ও জায়গার প্রয়োজন।

বর্তমানে বিজ্ঞান ও প্রযুক্তির অভূতপূর্ব উন্নতি সাধিত হয়েছে। চিকিৎসা প্রযুক্তির উন্নতির ফলে মানুষ বিভিন্ন রোগ ও দুর্ঘটনা থেকে সহজেই বাঁচতে পারছে। তাই বর্তমানে মানুষ দীর্ঘায়ু লাভ করছে।

বাড়তি জনসংখ্যার কারণে আমি বিভিন্ন সমস্যার সম্মুখীন হই। যেমন–

১) বিভিন্ন সময় খাদ্য সংকটের কারণে আমাকে উচ্চমূল্যে তা কিনতে হয়।

২) অপ্রতুল যানবাহনের কারণে আমার যাতায়াতে সমস্যার সৃষ্টি হয়।

৩) প্রাকৃতিক পরিবেশের পরিবর্তনের কারণে বৃষ্টিপাত কমে যায়, তাপমাত্রা বৃদ্ধি পায়। ফলে কাজকর্মে আরাম বোধ করি না।

৪) ঘন ঘন বন্যা, ঝড়ের মতো প্রাকৃতিক দুর্যোগের কারণে আমি বিভিন্ন সমস্যায় পড়ি।